

কেব্রু এ্যান্ড কোম্পানী (বাংলাদেশ) লিঃ
নং তারিখ 19 JUL 2023

জিএম (কৃষি)	জিএম (কারখানা)
জিএম (অর্থ)	জিএম (প্রশাসন)
জিএম (ডিস্ট্রিকারী)	জিএম (ল্যাব/এম্বোডি)
ডিজিএম (ফার্ম)	প্লান্ট ম্যানেজমেন্ট
ডিজিএম (পুর)	ডি.এম (সমন্বয়)
নির্দেশনা ৪	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজ্যায়ন অনুবিভাগ
বাজ্যায়ন শাখা-১
www.mof.gov.bd

তারিখ: ০৩ জুলাই ২০২৩
১৮ জুলাই ২০২৩

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনকেন্দ্রসমূহের আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-স্বত্বাধীন পাবনা এবং রাষ্ট্রায়ত্ত্ব চুক্তিচালিত সমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, কর্তার প্যার্ট বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পেনশনভোগী ব্যক্তিগণকে ০১ জুলাই ২০২৩ তারিখ হতে ৫ (পাঁচ) শতাংশ হারে 'বিশেষ সুবিধা' প্রদান করা হলো। এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে ন্যূনতম ১,০০০ (এক হাজার) টাকা এবং পেনশনভোগীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা হারে প্রদেয় হবে।

২। এ 'বিশেষ সুবিধা' নিম্নরূপভাবে কার্যকর হবে:

- (ক) চাকরিরত কর্মচারীগণ ০১ জুলাই ২০২৩ তারিখ হতে প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ওপর ৫% হারে, তবে ১,০০০ (এক হাজার) টাকার কম নয়, 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;
- (খ) অবসর-উত্তর ছুটিতে (PRL) থাকা কর্মচারীগণ PRL গমনের পূর্বকালীন সর্বশেষ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উপরিডক্ত হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;
- (গ) পুনঃস্থাপনকৃত পেনশনভোগসহ সরকার হতে পেনশন গ্রহণকারীগণ প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য নিট পেনশনের ওপর ৫% হারে, তবে ৫০০ (পাঁচশত) টাকার কম নয়, 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন;
- (ঘ) যে সকল অবসর-গ্রহণকারী কর্মচারী তাদের বর্তমান পেনশনের ১০০% অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন তাদের ক্ষেত্রে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে না;
- (ঙ) জাতীয় বেতনকেন্দ্রে নির্ধারিত কোনো প্রোভেডেন্ট ফান্ডের নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, এরূপ চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তি পেনশনভোগী হলে নিট পেনশন অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত পদের মূল বেতনের ভিত্তিতে যে কোনো এক ক্ষেত্রে এ সুবিধা প্রাপ্য হবেন;
- (চ) সাময়িক ধরনাক্রমিত কর্মচারীগণ সাময়িক ধরনাক্রমিত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর ৫% হারে এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন; এবং
- (ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্ব-স্বত্বাধীন সংস্থা ও রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদেরকে এ 'বিশেষ সুবিধা' প্রদান বাধ্য প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মেটাতে হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো; এটি ০১ জুলাই ২০২৩ তারিখ হতে কার্যকর হয়েছিল বলে গণ্য হবে।

19 JUL 2023

সিনিয়র সচিব

সদর দপ্তর, চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন	তারিখ ১৯ জুলাই ২০২৩
পরিচালক (অর্থ)	
পরিচালক (পরিচালনা ও উন্নয়ন)	
পরিচালক (উপদান ও প্রকৌশল)	
পরিচালক (ইন্ডাস্ট্রিয় ও প্রকৌশল)	
পরিচালক (বাস্তবিক)	
সচিব	
চীফ অফ পারসোনাল	
চেয়ারম্যান	

মুদ্রিত আদেশক্রমে

মোঃ আবদুল হকমান খান একেএফএমএ

অতিরিক্ত সচিব

১৯ জুলাই ২০২৩

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

সদর দপ্তর, চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নম্বর- ৩৬.০৪.০০০০.০১১.৯৯.০০৪.২২.৭৫৩

তারিখ: ১৯.০৭.২০২৩খ্রি.

বিতরণ:সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) উপব্যবস্থাপক(সমন্বয়),চেয়ারম্যান শাখা, বিএসএফআইসি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সহঃসমন্বয় কর্মকর্তা/সহঃউপব্যবস্থাপক(সমন্বয়),পরিচালক () শাখা, বিএসএফআইসি,ঢাকা।
- ৩) সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে তদীয় শাখার ব্যবস্থাপক(সমন্বয়), বিএসএফআইসি,ঢাকা।
- ৪) হিসাব নিয়ন্ত্রক, বিএসএফআইসি, সদর দপ্তর, ঢাকা।
- ৫) প্রধান/মহাব্যবস্থাপক(), বিএসএফআইসি,ঢাকা।
- ৬) ব্যবস্থাপনা পরিচালক (সকল), মিল/প্রতিষ্ঠান।
- ৭) উপব্যবস্থাপক(শিপিং)(শিপিং অফিস এর দায়িত্বে), বিএসএফআইসি চট্টগ্রামস্থ শিপিং অফিস,৬৮,আগ্রাবাদ বা/এ,চট্টগ্রাম।
- ৮) জুনিয়র অফিসার(সমন্বয়),মানবসম্পদ বিভাগ,বিএসএফআইসি,ঢাকা।
- ৯) অফিস কপি।

মোঃ হামিদুল ইসলাম

তা.মহাব্যবস্থাপক(প্রশাসন)

ফোন : ০২-২২৩০৮০৯১১